গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,

...

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আলমগীর হুসাইন<br>উপজেলা নির্বাহী অফিসার |
| সভার তারিখ | ২০/১০/২০২০ |
| সভার সময় | বেলা ১০.০০ ঘটিকা |
| স্থান | উপজেলা পরিষদ সভাকক্ষ, গোসাইরহাট, শরীয়তপুর। |
| উপস্থিতি | পরিশিষ্ট -ক তে দেখানো হলো। |

এলজিএসপি-৩ প্রকল্পের আ্োতায় গোসাইরহাট উপজেলা ব্লকগ্রান্ট কো-অর্ডিনেশন কমিটির সভার কার্যবিবরণীঃ

সভায় উপস্থিত সদস্যদের হাজিরা পরিশিষ্ট “ক”তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি সভায় উপস্থিত উপজেলা প্রকৌশলী, গোসাইরহাট এর প্রতিনিধি জনাব আবুল কালামকে সভা পরিচালনার জন্য অনুরোধ করেন। তিনি সভার প্রথমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং তাতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়।

সিদ্ধন্তঃ বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়।

১। প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ও প্রকল্প পরিবর্তন সংক্রান্তঃ উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি সভায় জানান যে,২০১৯-২০২০ অর্থ বছরের এলজিএসপি-৩ প্রকল্পের আওয়ায় গত ১৬/০৬/২০২০ খ্রিঃ তারিখে গোসাইরহাট উপজেলার ৮টি ইউনিয়ন পরিষদের মোট ৭৫টি প্রকল্প অনুমোদন করা হয়। অনুমোদনের পরে অদ্য পর্যন্ত ইউনিয়ন পরিষদ হতে প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি সংগ্রহ পূর্বক নিম্নরূপভাবে উপস্থাপন করা হলোঃ

| ক্র:নং | ইউনিয়নের নাম | অনুমোদিত প্রকল্প সংখ্যা | বাস্তবায়িত প্রকল্প সংখ্যা | চলমান প্রকল্প সংখ্যা | পরিবর্তনযোগ্য প্রকল্প সংখ্যা | কাজ শুরু হয়নি প্রকল্প সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| ১. | কোদালপুর ইউনিয়ন পরিষদ | ১৪ টি | ১২ টি | ০ | ২ টি | ০ |
| ২. | আলাওলপুর ইউনিয়ন পরিষদ | ৮ টি | ৩টি | ৩ টি | ১ টি | ১ টি |
| ৩. | গোসাইরহাট ইউনিয়নপরিষদ | ৭ টি | ১ টি | ১ টি | ১ টি | ৪ টি |
| ৪. | ইদিলপুর ইউনিয়ন পরিষদ | ১৫ টি | ৭ টি | ৩ টি | ১ টি | ৪ টি |
| ৫. | সামন্তসার ইউনিয়ন পরিষদ | ৭ টি | ১ টি | ০ | ১ টি | ৫ টি |
| ৬. | নাগেরপাড়া ইউনিয় পরিষদ | ৭ টি | ১টি | ০ | ১ টি | ৫ টি |
| ৭. | নলমুড়ি ইউনিয়ন পরিষদ | ৯ টি | ৮ টি | ০ | ১টি | ০ টি |
| ৮. | কুচাইপট্টি ইউনিয়ন পরিষদ | ৮ টি | ৩ টি | ২ টি | ১ টি | ২ টি |
| | মোট | ৭৫ টি | ৩৬ টি | ৯ টি | ১০ টি | ২০ টি |

প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্তে জনাব এস. এম মিজানুর রহমান, চেয়ারম্যান, কোদালপুর ইউপি সভায় বলেন যে,

তার ইউনিয়নে গৃহীত ১৪টি প্রকল্পের মধ্যে ১২টি প্রকল্পের কাজ শেষ হয়েছে। সরকারি নির্দেশনার আলোকে সোলার প্রকল্প পরিবর্তন করার জন্য বাস্তবায়ন কাজ বন্ধ রয়েছে। এছাড়াও একটি প্রকল্পের কাজ অন্য সংস্থা থেকে পীচ ঢালাই হওয়ার তালিকাভূক্ত থাকায় প্রকল্পটি বাস্তবায়ন করা যাচ্ছে না। তাই প্রকল্প ২টি পরিবর্তন করে নতুন ২টি প্রকল্প বাস্তবায়নের জন্য ইউনিয়ন পরিষদের সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ইউনিয়ন পরিষদের সভায় গৃহীত ০২টি প্রকল্প সভায় দাখিল করেণ। এ প্রসঙ্গে জনাব আবুল কালাম বেপারী, চেয়ারম্যান, সামন্তসার ইউপি সভায় বলেন যে, সামন্তসার সোলার প্রকল্প ইউনিয়ন পরিষদের সভায় পরিবর্তন করে অধিক গুরুত্বপূর্ণ প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্প স্থানে পানি থাকায় কাজ বাস্তবায়নে দেরী হচ্ছে। পানি শুকালে শীঘ্রই প্রকল্পের কাজ শুরু করা হবে। তিনি ইউনিয়ন পরিষদের সভায় গৃহীত প্রকল্পটি সভায় দাখিল করেন এবং পরিবর্তিত প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে সভায় অনুমোদনের প্রস্তাব করেন। জনাব মহসীন মিয়া, চেয়ারম্যান, নাগেরপাড়া ইউপি তার ইউনিয়নে গৃহীত সোলার প্রকল্পের পরিবর্তে সোলার খাতের বরাদ্দকৃত অর্থ গত ১৬/০৬/২০২০ তারিখের সভায় অনুমোদিত ৭ নং প্রকল্প যথাঃ শিবপুর কাচারী বাজারে দক্ষিণ পাশে পূর্ব-পশ্চিম গলিতে সিসি রোড নির্মাণ প্রকল্পটি বরাদ্দকৃত অর্থ ১,৪২,০৫৬/= টাকার সাথে ৭৫০০০/= টাকা বৃদ্ধি করে বর্ধিত প্রকল্প বাস্তবায়নের জন্য ইউনিয়ন পরিষদের সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। তিনি সোলার প্রকল্পের পরিবর্তে বরাদ্দকৃত ৭৫০০০/= টাকা শিবপুর কাচারী বাজারের দক্ষিণ পাশে পূর্ব-পশ্চিম গলিতে সিসি রোড নির্মাণ প্রকল্পে অর্থ বর্ধিত হতে ২,১৭,০৫৬/= টাকা অনুমোদনের জন্য প্রস্তাব করেন। সভায় উপস্থিত অন্যান্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যগণ সোলার প্রকল্পের পরিবর্তে বাস্তবায়নের নিমিত্ত সভায় অনুমোদনের লক্ষ্যে নিজ নিজ ইউনিয়নের পরিবর্তিত প্রকল্প দাখিল করেন এবং অসমাপ্ত প্রকল্পগুলো পানি না কমার জন্য প্রকল্প বাস্তবায়নে সময়ের প্রয়োজন মর্মে জানান। পানি কমলে শীঘ্রই প্রকল্পের কাজ শুরা করা হবে। এ বিষয় সভায় বিস্তারিত আলোচনা হয়।

ঃ-০২-ঃ

উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি সভায় বলেন যে, দাখিলকৃত প্রকল্পগুলো পরীক্ষা করে দেখা হয়েছে। প্রকল্পগুলো নীতিমালা মোতাবেক গ্রহণ করা হয়েছে। প্রকল্পগুলো বাস্তবায়ন হলে এলাকার জনসাধারণ উপকৃত হবে। প্রকল্পগুলো অধিক জনগুরুত্বপূর্ণ ও এ প্রকল্পগুলো বাস্তবায়ন হলে এলাকার জনগণ এর সুফল পাবে এবং প্রকল্পগুলো বাস্তবায়নে ইউনিয়ন পরিষদের পূর্ব অভিজ্ঞতা ও সক্ষমতা রয়েছে। এছাড়াও প্রকল্পগুলো বাস্তবায়নে উপজেলা প্রকৌশল অফিস হতে সম্ভাব্য সকল কারিগরি সহযোগিতা প্রদান করা হবে। তিনি প্রকল্পগুলো অনুমোদন করা যায় মর্মে প্রস্তাব করেন। উপস্থিত সদস্যগণ এ বিষয়ে একমত পোষণ করেন।

সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, গৃহীত প্রকল্প অবশ্যিকভাবে ওয়ার্ড কমিটির সভার মাধ্যমে ইউনিয়ন পরিষদের সভায় অনুমোদন করে প্রেরণ করতে হবে। প্রকল্পগুলো যথাযথভাবে অনুমোদনের পরে প্রাক্কলন তৈরী ও অনুমোদনের পর কাজ বাস্তবায়ন শুরু করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে কাজ বাস্তবায়ন করা আবশ্যক। নীতিমালা মোতাবেক প্রকল্প বাস্তবায়নে প্রকল্প সুপারভিশন কমিটি গঠন করতে হবে । প্রকল্প সুপারভিশন কমিটি প্রকল্প বাস্তবায়ন শেষে কাজ যথাযথভাবে সমাপ্ত হওয়ার প্রতিবেদন/ প্রত্যয়ণ দাখিল করলে প্রতিষ্ঠানকে উক্ত কাজের বিল প্রদান করা যাবে। কোন প্রতিষ্ঠানের অনুকূলে একাউন্ট পেই ব্যতিত ক্রস চেক ইস্যু করা যাবে না। প্রকল্প বাস্তবায়নে সকল প্রকার অনিয়ম দূর করতে হবে। কাজ বাস্তবায়ন শেষে অডিটের জন্য যথাযথভাবে বিল-ভাউচার, ওয়ার্ড কমিটির সভার কার্যবিবরণী, সুপারভিশন কমিটির প্রত্যয়ন পত্রসহ সকল কাগজপত্র সংরক্ষণ করতে হবে। প্রকল্পের কাজ বাস্তবায়ন শেষে উপ-পরিচারক, ডিস্ট্রিক্ট ফ্যাসিলিটেটর, স্থানীয় সরকার শাখা, শরীয়তপুরসহ নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করতে হবে। তিনি বিধি মোতাবেক কারিগরি কমিটি/ সুভারভিশন কমিটি, প্রকল্প তদারকি কমিটি গঠন পূর্বক সকল নিয়ম যথাযথভাবে অনুসরণ করে কাজ বাস্তবায়নের জন্য ইউপি চেয়ারম্যান, সচিবসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

<u>এ বিষয়ে বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্ত সর্বসম্ততিক্রমে গ্রহণ করা হয়।</u>

১। ২০১৯-২০২০ অর্থ বছরের এলজিএসপি-৩ প্রকল্পের আওয়ায় গত ১৬/০৬/২০২০ তারিখে সভায় গৃহীত সকল ইউনিয়নের সোলার প্রকল্প পরিবর্তন করে নতুন প্রকল্প, নাগেরপাড়া ইউনিয়নের সোলার প্রকল্প বাতিল করে বরাদ্দকৃত ৭৫০০০/= টাকা শিবপুর কাচারী বাজারের দক্ষিণ পাশে পূর্ব-পশ্চিম গলিতে সিসি রোড নির্মাণ প্রকল্পে অর্থ বর্ধিত হতে ২,১৭,০৫৬/= টাকায় বর্ধিত প্রকল্প বাস্তবায়ন করা এবং কোদালপুর ইউনিয়নের ১ নং ক্রমিকে বর্ণিত ১ নং ওয়ার্ডের মাল পাড়া আল আমিন মালের বাড়ি হতে মজিবল চৌকিদারের বাড়ি পর্যন্ত এইচ.বি.বি রাস্তা নির্মাণ প্রকল্প পরিবর্তন করে নিম্নবর্ণিত প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

অনুমোদিত প্রকল্পগুলো নিম্নরূপঃ

| ক্র:নং | ইউনিয়নের নাম | cÖK•îi bvg | cÖK•îi aib/LvZ | IqvW© bs | eivÐK…Z A•_©i cwigvb |
|---|---|---|---|---|---|
| | | | | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১. | কোদালপুর | ১ নং ওয়ার্ডের জাগির মুন্সী পাড়া লিটন সিপাইয়ের বাড়ি সংলগ্ন কালভার্ট নির্মাণ। | যোগাযোগ | ১ | ১,০০,০০০/= |
| ২. | কোদালপুর | ৩ নং ওয়ার্ডের উচ্চ বিদ্যালয় হতে মৃধাপাড়া সুমন মৃধার বাড়ি পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন | যোগাযোগ | ৩ | ৭৫০০০/= |
| ৩. | গোসাইরহাট | দাতরা মিলন সরদারের বাড়ির নিকট খালের উপর কাঠের পুল নির্মাণ | যোগাযোগ | ৯ | ৭৫০০০/= |
| ৪. | নাগেরপাড়া | শিবপুর কাচারী বাজারের দক্ষিণ পাশে পূর্ব-পশ্চিম গলিতে সিসি রোড নির্মাণ (বরাদ্দ বৃদ্ধি পেয়েছে)। | যোগাযোগ | ০৪ | ২,১৭,০৫৬/= |
| ৫. | নলমুড়ি | নলমুড়ি ইউপির হাটুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ে কাঠের হাই ও লো-বেঞ্চ সরবরাহ। | শিক্ষা খাত | ০২ | ৭৫০০০/= |
| ৬. | আলাওলপুর | ৩৬ নং পশ্চিম কোদালপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে আসবাবপত্র সরবরাহ। | শিক্ষা খাত | ০৩ | ৭৫০০০/= |
| ৭. | কুচাইপট্টি | ৯ নং ওয়ার্ডের উত্তর চরজানপুর আবুল হাসেম বেপারী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে আসবাবপত্র সবরাহ। | শিক্ষা খাত | ০৯ | ৭৫০০০/= |
| ৮. | ইদিলপুর | ইউনিয়ন ডিজিটাল সেন্টারের ল্যাপটপ ও প্রিন্টার ক্রয় | তথ্য প্রযুক্তি | | ৭৫০০০/= |
| ৯. | সামন্তসার | জনাব আবু বকর পেদার বাড়ির সামনে কালভার্ট নির্মান | যোগাযোগ | ০৮ | ৭৫০০০/= |

২। প্রকল্প বাস্তবায়নের পূর্বে বিধি মোতাবেক কারিগরি সহায়তা কমিটি, ওয়ার্ড কমিটি/ তদারকি কমিটি গঠন পূর্বক প্রকল্প বাস্তবায়ন করতে হবে।

৩। প্রকল্পগুলো উপজেলা প্রকৌশলীর কার্যালয়ের সহায়তায় সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রাক্কলন তৈরি ও কারিগরি সহায়তা গ্রহণ পূর্বক প্রকল্প বাস্তবায়ন করতে হবে।

৪। প্রকল্পের কাজ বাস্তবায়ন শেষে চূড়ান্ত বিল পাওয়ার জন্য ওয়ার্ড কমিটি/ প্রকল্প বাস্তবায়ন কমিটি বিল-ভাউচারসহ বিল পাওয়ার আবেদন করলে প্রকল্প সুপারভিশন কমিটির প্রত্যয়ণ গ্রহণ করে বিল প্রদান করতে হবে।

৫। পরবর্তী অডিটের জন্য সকল বিল-ভাউচার ও সংশ্লিষ্ট কাগজপত্র যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

৬। প্রকল্পের কাজ বাস্তবায়নের পরে উপপরিচালক, স্থানীয় সরকার, শরীয়তপুর, উপজেলা নির্বাহী অফিসার, ডিস্টেক ফেসিলিটেটর, শরীয়তপুর এবং উপজেলা প্রকৌশলীকে অবহিত করতে হবে।

৭। উপজেলা প্রকৌশলীকে প্রকল্পের কাজ পরিদর্শন করে সঠিকভাবে বাস্তবায়ন হয়েছে কি-না তার প্রতিবেদন প্রদান করার জন্যঅনুরোধ করা হয়।

বাস্তবায়নেঃ উপজেলা প্রকৌশলী, চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল), ইউপি সচিব (সকল)।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং সভার সিদ্ধান্তসমূহ সঠিকভাবে বাস্তবায়নে সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।




মোঃ আলমগীর হুসাইন
উপজেলা নির্বাহী অফিসার

স্মারক নম্বর: ০৫.৩০.৮৬৩৬.০০০.৩৫.০১০.১৯.৭৯০

তারিখ: ১১ কার্তিক ১৪২৭
২৭ অক্টোবর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, শরীয়তপুর

২) উপ পরিচালক (ভারপ্রাপ্ত), উপপরিচালক (স্থানীয় সরকার) এর দপ্তর, জেলা প্রশাসকের কার্যালয়, শরীয়তপুর

৩) ডিস্টিক লেসিলিটেটর, , শরীয়তপুর

৪) ফজলুর রহমান , চেয়ারম্যান উপজেলা পরিষদ , গোসাইরহাট, শরীয়তপুর।

৫) চেয়ারম্যান, .................. ইউনিয়ন পরিষদ (সকল), গোসাইরহাট, শরীয়তপুর।

৬) ইউপি সচিব, .................... ইউনিয়ন পরিষদ (সকল), গোসাইরহাট, শরীয়তপুর।



মোঃ আলমগীর হুসাইন

উপজেলা নির্বাহী অফিসার